

## শিক্ষার মানোন্নয়নে সরকার ওয়াদাবদ্ধ

নাসির উদ্দিন আহমেদ পিন্টু  
ঢাকা-৮ নির্বাচনী এলাকার সরকার দলীয়  
এমপি নাসির উদ্দিন আহমেদ পিন্টু  
বলেছেন, শিক্ষার মান উন্নয়নে সরকার  
জাতির কাছে ওয়াদাবদ্ধ। বৃহস্পতিবার  
বিকালে নগরীর ওয়েস্ট এড হাইস্কুলে  
অনুষ্ঠিত লালবাগ-কামরাসীরচর ও  
হাজারীবাগ থানা এলাকার প্রাথমিক  
বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে  
মতবিনিময় সভায় তিনি একথা বলেন।  
ওয়েস্ট এড হাইস্কুলের ভারপ্রাপ্ত প্রধান  
শিক্ষক এমদাদ হোসেন পাটোয়ারী এতে  
সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন  
লোকমান হোসেন, শহিদুল ইসলাম বাবুল  
ও সাকির আহমেদ।

নাসির উদ্দিন আহমেদ পিন্টু বলেন, শিক্ষা  
খাতে অর্থ বরাদ্দে বর্তমান সরকার উদার  
নীতি গ্রহণ করেছে। সংবাদ বিজ্ঞপ্তি।